

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৮৩৫  
ধর্মনগর, ২৭ নভেম্বর, ২০২৩

**ভোটার তালিকার বিশেষ সংশোধনী**  
**উত্তর ত্রিপুরা জেলায় সর্বদলীয় সভা**

ভোটার তালিকার বিশেষ সংশোধনী উপলক্ষে গত ২৪ নভেম্বর উত্তর ত্রিপুরা জেলায় এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন সচিব উত্তম কুমার চাকমা। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক ইসলামউদ্দিন, বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথ, বিজেপি ও সিপিআই(এম) দলের প্রতিনিধিগণ এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক বিবেক এইচ বি, পানিসাগর মহকুমা মহকুমা শাসক সুভাষ আচার্য, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক অমরেশ বর্মন প্রমুখ। সভায় সচিব উত্তম কুমার চাকমা ভোটার তালিকায় বিশেষ সংশোধনী সম্পর্কিত কাজের পর্যালোচনা করেন। পাশাপাশি এই ক্ষেত্রে যেকোন রাজনৈতিক দলের কোন অভিযোগ রয়েছে কিনা সে সম্পর্কে জানতে চান। জেলাশাসক দেবপ্রিয় বর্ধন ভোটার তালিকার সংশোধনী সম্পর্কিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা কেন্দ্রে মোট ৩৭২টি পোলিং স্টেশন রয়েছে। জেলাশাসক জানিয়েছেন, উত্তর ত্রিপুরা জেলায় ৮২ হাজার ৪৪টি বাড়িতে বিএলওগণ ভোটার তালিকা সংশোধনীর কাজ নিয়ে ভেরিফিকেশন করেছেন। নতুন নাম অন্তর্ভুক্ত করা বা সংশোধন করা সংক্রান্ত প্রয়োজনীয় ফর্ম সংগ্রহ করে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা হয়েছে।

\*\*\*\*\*